

নং-১৫.৫৩.০০০০.০১৭.৩৮.০০২.১৭.২৪৫

তারিখ: ২৭/০৪/২০১৭

বিষয়: জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন অনুষ্ঠানে মহামান্য রাষ্ট্রপতি প্রদত্ত ভাষণ সরাসরি সম্প্রচার।

- আগামী ১৯ এপ্রিল ২০১৭ খ্রিঃ, বুধবার বিকেল ২টা ৩০ মিনিটে ময়মনসিংহের ত্রিশালে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের ১ম সমাবর্তন অনুষ্ঠিত হবে। সমাবর্তন অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি মোঃ আব্দুল হামিদ যোগাদান করবেন। উক্ত অনুষ্ঠানে মহামান্য রাষ্ট্রপতি প্রদত্ত ভাষণ বিটিসিএল লাইনের মাধ্যমে বাংলাদেশ বেতার ঢাকা-ক অর্থাৎ ৬৯৩ কিলোহার্জে এবং এফ.এম. ১০৩.২ মেগাহার্জে এবং ওয়েব সাইট www.betar.gov.bd থেকে সরাসরি সম্প্রচার হবে।
- ২। উক্ত অনুষ্ঠানের সময়সূচি পরিবর্তনের ক্ষেত্রে সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন ও আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা-রাষ্ট্রপতির কার্যালয়ের আপন বিভাগের সাথে যোগাযোগপূর্বক সমন্বয় করে অনুষ্ঠানটি যথাসময়ে প্রচার নিশ্চিত করবেন।
 - ৩। মহামান্য রাষ্ট্রপতির ভাষণ প্রচারকালে ঢাকা-ক এর পূর্ব নির্ধারিত অনুষ্ঠান ঢাকা-খ, ৮১৯ কিলোহার্জ ঢাকা-গ, ১১৭০ কিলোহার্জ ও এফ.এম. ১০৬.০ মেগাহার্জে প্রচার হবে।
 - ৪। উক্ত ভাষণ প্রচারকালে সকল সংবাদ, জাতীয় অনুষ্ঠান (ঢাকা কেন্দ্র থেকে প্রচার ও অন্যান্য কেন্দ্র থেকে রীলে) ও আবহাওয়াবার্তা ঢাকা-খ, ৮১৯ কিলোহার্জে, ঢাকা-গ, ১১৭০ কিলোহার্জে, এফ.এম. ১০৬.০ মেগাহার্জে ও ক্ষুদ্র তরঙ্গ ৪৭৫০ কিলোহার্জে প্রচার হবে।
 - ৫। উক্ত অনুষ্ঠান প্রচারের জন্য সংশ্লিষ্ট ট্রান্সমিটারগুলো চালু না থাকলে অনুষ্ঠান শুরু ১৫ মিনিট পূর্বে চালু হয়ে অনুষ্ঠান প্রচার শেষে বিরত হবে/নিজস্ব কর্মধারায় ফিরে যাবে।
 - ৬। উক্ত ভাষণ সম্প্রচারের জন্য সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার ঢাকা, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ থেকে জাতীয় বেতার ভবন পর্যন্ত টেলিফোন লাইন বুক করবেন। এ ব্যাডার আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা বহন করবেন।
 - ৭। মহামান্য রাষ্ট্রপতির ভাষণ সরাসরি সম্প্রচারের জন্য সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন যাবতীয় প্রকৌশল দায়িত্ব পালন করবেন।
 - ৮। অনুষ্ঠানটি সুষ্ঠুভাবে প্রচারের জন্য আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা অনুষ্ঠানটি সম্প্রচারের সাথে সম্পর্কিত কর্মকর্তা-কর্মচারী ও উপস্থাপক-উপস্থাপিকাদের নিরাপত্তা পাশ সংগ্রহসহ অনুষ্ঠানটি প্রচারের পূর্বে ঘোষণা/প্রমো প্রচারের মাধ্যমে শ্রোতাদের অবহিত করার ব্যবস্থা গ্রহণ, অনুষ্ঠানটি যথাযথভাবে প্রচারের জন্য সংশ্লিষ্ট সকলের (প্রকৌশল ও বার্তা শাখাসহ) সাথে যোগাযোগ এবং সমন্বয়সহ প্রচার নিশ্চিত করবেন।
 - ৯। উক্ত অনুষ্ঠানে ফিলার প্রচারে অনুমোদিত সংগীত/অনুষ্ঠান/গানের তালিকা অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট শাখাকে অনুরোধ করা হলো।
 - ১০। মহামান্য রাষ্ট্রপতির ভাষণ সুষ্ঠুভাবে প্রচারের জন্য আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের পূর্বাঙ্কে দায়িত্ব অর্পণ করবেন এবং তিনি/তারা প্রতিনিধি সম্প্রচার বুথে উপস্থিত থেকে অনুষ্ঠান সম্প্রচার তত্ত্বাবধানসহ অনুষ্ঠান যথাসময়ে সম্প্রচার নিশ্চিত করবেন।
 - ১১। উক্ত অনুষ্ঠানটির ওপর প্রতিবেদন সংবাদে প্রচারের জন্য পরিচালক, কেন্দ্রীয় বার্তা সংস্থা, বাংলাদেশ বেতার-কে অনুরোধ করা হলো।
 - ১২। অনুষ্ঠান শুরু ২ ঘন্টা পূর্বে বহিঃসম্প্রচার দলকে অনুষ্ঠানস্থলে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।
 - ১৩। পরিচালক, লিয়াজোঁ ও শ্রোতা গবেষণা, বাংলাদেশ বেতার সদর দপ্তর-এ সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

(সাল্লাহুউদ্দিন আহমেদ)

উপ-মহাপরিচালক, অনুষ্ঠান (চলতি দায়িত্ব)

মহাপরিচালকের পক্ষে

ফোন: ০২-৯৬৬২৭৫৩

ফ্যাক্স: ০২-৯৬৭০২৮২।

বিতরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

- ১। উপ-মহাপরিচালক, বার্তা/প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার (সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশ প্রদানের অনুরোধসহ)।
- ২। পরিচালক, বার্তা, কেন্দ্রীয় বার্তা সংস্থা, বাংলাদেশ বেতার ঢাকা/অতিরিক্ত প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার ধামরাই, ঢাকা।
- ৩। সিনিয়র প্রকৌশলী/আবাসিক প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, সদর দপ্তর (দপ্তর আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)/জাতীয় বেতার ভবন, বাংলাদেশ বেতার, ঢাকা/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১/২, সাভার, ঢাকা।
- ৪। পরিচালক, লিয়াজোঁ, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, শাহবাগ, ঢাকা।
- ৫। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা।
- ৬। স্টেশন প্রকৌশলী, নিম্নশক্তি প্রেরণ কেন্দ্র, কল্যাণপুর, ঢাকা।